টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৪শে পৌষ বুধবার, ১৩৭৫ ইং 8th Jan. 1969 | ৩৩শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

এই তো খেলার দিন—
ক্রিকেট, ভলিবল, ব্যাডমিণ্টন।
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৪শে পৌষ বুধবার সন ১৩৭৫ সাল।

## পশ্চিম এশিয়ার আগ্নেয়গিরি

--০--

১৯৬৭ সালে আরব ও ইস্রায়েলের যে সংঘর্ষ হয়, তাহার পরিপ্রেক্ষিতে আমরা একটি প্রবন্ধ লিখিয়াছিলাম। সেই প্রবন্ধে আমরা দেখাইয়াছিলাম যে, আরব-ইস্রায়েলী দ্বন্দ্বের অন্যতম প্রধান কারণ হইতেছে আরবদের বাস্তুচ্যুত হওয়ার মর্মান্তিক বেদনাপ্রসূত এক ক্ষোভ। সেই সংঘর্ষে আরবদল বেকায়দায় পড়িয়া গেলেও এবং ইস্রায়েলের আক্রমণের তীব্রতা সহ্য করিতে না পারিলেও অশান্তির আগুন নিভিয়া যায় নাই। দিনের পর দিন তাহা ধূমায়িত হইয়া নূতন বিপদের সম্ভাবনাকে ডাকিয়া আনিয়াছে।

সম্প্রতি বেইরুট বিমান বন্দরে ইস্রায়েল যে তীব্র আক্রমণ চালাইয়াছে, তাহাতে এতদিনে নিরাপত্তা পরিষদ সচেতন হইয়াছেন। ইস্রায়েল রাষ্ট্র সম্পর্কে নিরাপত্তা পরিষদের নিন্দাসূচক প্রস্তাব গ্রহণই তাহার প্রমাণ। ইস্রায়েলকে নিন্দা করার জন্য পাশ্চাত্য গোষ্ঠী ও সোভিয়েট ইউনিয়নের মধ্যে মতৈক্য দেখা গিয়াছে। এমন কি এই প্রস্তাবে নিরাপত্তা পরিষদ ইস্রায়েলকে এক প্রকার সতর্কবাণী করিয়াছেন।

বেইরুটের মত আন্তর্জাতিক বিমান বন্দরে ইস্রায়েল কেন বিমান আক্রমণ চালাইয়াছে তাহার কৈফিয়ৎ হিসাবে ইস্রায়েল সরকার বলিয়াছেন যে, এথেনসে আরবরা ইস্রায়েলী বিমান আক্রমণ করে ও তেলআভিভ বিমান বন্দরের ক্ষতি করে সেইজন্য ইহা ইস্রায়েল সরকারী প্রতিশোধ। ইহা সকলেই জানেন যে, কিছু কিছু পাশ্চাত্য শক্তি ইস্রায়েল দরদী। তৎসত্ত্বেও এবারে সেই সব পক্ষ ইস্রায়েলের উপর রুষ্ট হইয়াছে। কারণ, বেইরুটে ইস্রায়েলী আক্রমণে যে সমস্ত বিমান ধ্বংস হইয়াছে, তাহাতে পশ্চিমী দেশগুলিকে নানাভাবে বিরাট আর্থিক ক্ষতির ভার বহন করিতে হইবে। ইহা ছাড়া আরবদের উপর প্রতিশোধ লওয়ার ইস্রায়েলী পদ্ধতিটি আন্তর্জাতিক চলাচলে বিশেষ বিঘ্নের কারণ।

ইস্রায়েলের উপর আরব হানাদারীদের আক্রমণ ও আরবরাষ্ট্রগুলির সহিত ইস্রায়েলের রেষারেষির প্রকৃত চিত্র যাহাই হউক না কেন, ইস্রায়েল এই অশান্তির সম্পূর্ণ দায়দায়িত্ব আরবদের উপর সামগ্রিকভাবে চাপাইয়া দিয়া পশ্চিমী শক্তিগুলিকে কিছু কিছু আরবরাষ্ট্রের প্রতি (যথা জর্ডান, লেবানন) বিরূপ করিয়া তুলিতে প্রয়াসী। ইহা ছাড়াও ইস্রায়েল নানাভাবে আরব সংহতি বিনষ্ট করিবার সূক্ষ্ম কৌশল গ্রহণ করিতেছে। নিছক রাজনৈতিক অভিসন্ধির বশে সে চায় আরবজোটে বিভেদ জিয়াইয়া রাখিতে এবং তাহাদের ক্রমশঃ দুর্বল করিয়া রাখিয়া আপনার ভবিষ্যৎ পথ পরিষ্কার রাখিতে। আরবগণ হয়ত ইহা ধরিয়া ফেলিয়াছে। তাই সৌদী আরব, কুবায়াত ও লিবিয়া মিশর ও জর্ডানের অর্থ-নৈতিক উন্নয়নে তৎপর হইয়াছে। এইভাবেই হয়ত আরব সংহতি জন্মিতে পারে। ইস্রায়েলের যুদ্ধ অথবা বোঝাপড়া—যে কোন ক্ষেত্রেই আরব্য ঐক্য প্রয়োজন।

কিন্তু শান্তি আসিবে কি? মধ্যপ্রাচ্যে যে 'খেল' আরম্ভ হইয়াছে, তাহাতে মনে হয়, শান্তির আশা অনেক দূরে। ব্রিটেন ঘোষণা করিয়াছে যে, জর্ডানের নিকট সে কাছ-পাল্লার ক্ষেপণাস্ত্র বিক্রয় করিতেছে। টাইগার-ক্যাট নামে অভিহিত এই ক্ষেপণাস্ত্র চলন্ত ট্রেলার হইতে ২০ হাজার ফুট পাল্লায় নিক্ষেপ করা যায়। বিমান বন্দরের নিরাপত্তার জন্য ইহার ব্যবহার। ব্রিটেন-জর্ডানের এই লেনদেনে ইস্রায়েল ক্ষুব্ধ। আরব হানাদারদের তৎপরতা বন্ধ নাই। লেবানন-ইস্রায়েল পরস্পর গোলাগুলি বিনিময় করিতেছে। পৃথিবীর বৃহৎ শক্তিগুলিকে একেবারে নীরব দর্শক বলা যায় না।

দূর প্রাচ্যের ভিয়েতনামে ষাঁড়ে ষাঁড়ে লড়াই সুদীর্ঘকাল ধরিয়া চলিতেছে। হানয়-সায়গনের বৈরিতা পৃথিবীর স্বার্থান্ধ শক্তিগুলির পক্ষে যত সুখকরই হউক না কেন, উভয় ভিয়েতনামের সাধারণ মেহনতী মানুষের শোক-অশ্রুর খবর রাখে কি? মধ্যপ্রাচ্যের আরব ইস্রায়েলীর শত্রুতা আর একটি ভিয়েতনাম সৃষ্টি করিতে কতক্ষণ? শক্তির মদমত্ততায় যাহারা মানুষের মনের কোন খবর রাখে না, দুই পক্ষের মধ্যে বিবাদ বাধাইয়া আপন স্বার্থের সন্ধানে যাহারা ফিরে, তাহাদের কাছে মানবতার দোহাই পাড়া বৃথা এবং তাহাদের শান্তির প্রহসনপূর্ণ বুলির পশ্চাতে থাকে এক পৈশাচিক উল্লাস। রাষ্ট্রপুঞ্জ তথা নিরাপত্তা পরিষদ এই বিষয়ে অবহিত আছেন কি? আরব-ইস্রায়েলের দ্বন্দ্বে নেপথ্য চক্রান্ত বন্ধ করার ভূমিকা কে লইবে?

---

### এম. এস ডিগ্রী লাভ

রঘুনাথগঞ্জ শহরের লব্ধপ্রতিষ্ঠ ব্যবসায়ী শ্রীকেনারাম চন্দ্র মহাশয়ের ভ্রাতুষ্পুত্র ও স্বর্গীয় শ্যামাপদ চন্দ্র মহাশয়ের একমাত্র পুত্র শ্রীমান্ বঙ্কিমচন্দ্র চন্দ্র এই বৎসরে কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে এম. এস ডিগ্রী লাভ করিয়াছেন। শ্রীমানের সাফল্যে আমরা আনন্দিত হইয়া তাঁহার উত্তরোত্তর উন্নতি কামনা করি।

---

### সাইকেলে সারা ভারত ভ্রমণ

হাওড়ার শ্রীনিমাই দাস সাইকেলে সারা ভারত ভ্রমণের জন্য গত ৫ই জানুয়ারী রবিবার হাওড়া ত্যাগ করেছেন। ভ্রমণকালের সময় তিন মাস। যাত্রার সময় বিশিষ্ট ব্যক্তিরা তাঁকে অভ্যর্থনা জানান।

---

### পাঠ্যপুস্তক সাহায্য

জঙ্গিপুর মহাবিদ্যালয়ের অধ্যাপকগণের সম্মিলিত চেষ্টায় বন্যাক্লিষ্ট ছাত্রগণের সাহায্যার্থে আনুমানিক তিন শত টাকা মূল্যের পাঠ্যপুস্তক জলপাইগুড়ি আনন্দচন্দ্র মহাবিদ্যালয় কর্তৃপক্ষের নিকট পাঠান হইয়াছে। অধ্যাপকগণের সাধু উদ্দেশ্য অনুকরণীয়।

---

## বি-এল পরীক্ষায় সাফল্য

রঘুনাথগঞ্জের অদূরবর্ত্তী অজগরপাড়ার সম্ভ্রান্ত লালা-পরিবারের অধুনা রঘুনাথগঞ্জ নিবাসী জঙ্গিপুর মুন্সেফী আদালতের নাজির শ্রীবিশ্বেশ্বর লালা মহাশয় সম্প্রতি ভাগলপুর বিশ্ববিদ্যালয় হইতে বি-এল ডিগ্রী লাভ করিয়াছেন। তাঁহার অধ্যবসায় প্রশংসনীয়।

## ত্রাণভাণ্ডারে দান

রঘুনাথগঞ্জ মহিলা সমিতি উত্তরবঙ্গের বন্যাপীড়িত জনগণের সাহায্যকল্পে ১৫১ টাকা, কিছু বস্ত্র ও খাদ্যশস্য দান করেছেন। মহিলা সমিতির সভ্যাগণের মহৎ উদ্দেশ্য প্রশংসনীয়।

## মৎস্যজীবীদের মিছিল

বিগত ৯ই ডিসেম্বর সোমবার জঙ্গিপুর মহকুমার বিভিন্ন গ্রাম হইতে মৎস্যজীবীদের বিপুলবাহিনী নানাবিধ অভাব অভিযোগের 'শ্লোগান' দিতে দিতে ফৌজদারী আদালত প্রাঙ্গণে সমবেত হইয়া তাঁহাদের কয়েকজন প্রতিনিধি মহকুমা-শাসক মহাশয়ের সমীপে গমন করিয়া অভাব অভিযোগ জ্ঞাপন করেন।

## পল্লীগ্রামের পথ আলোকীকরণ

সাগরদীঘি থানার পাটকেলডাঙ্গা অঞ্চলের পাটকেলডাঙ্গা গ্রামের পথে আলোকদানের ব্যবস্থা হইয়াছে।

রঘুনাথগঞ্জ থানার গনকর গ্রাম-পঞ্চায়েৎ পথে আলোকদানের ব্যবস্থা হইয়াছে।

সাগরদীঘি থানার মোড়গ্রামের পথে আলোকদানের ব্যবস্থা হইয়াছে।

রঘুনাথগঞ্জ থানার তেঘরী গ্রামের পথে আলোকদানের ব্যবস্থা হইয়াছে।

সমসেরগঞ্জ থানার গাজিনগরের পথে আলোকদানের ব্যবস্থা হইয়াছে।

সুতী থানার ইন্দ্রনগর কলোনীর পথে আলোকদানের ব্যবস্থা হইয়াছে।

## ডাক্তার গৌরীপতি চ্যাটার্জ্জি

বিগত ১লা সেপ্টেম্বর রঘুনাথগঞ্জের লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক শ্রীগৌরীপতি চ্যাটার্জ্জি মহাশয় নিজের মোটরগাড়ীতে বহরমপুর যাইবার পথে গাড়ী উল্টাইয়া সাংঘাতিকভাবে আহত হন। তিনি চিকিৎসার জন্য প্রথমে বহরমপুর ও পরে কলিকাতা গিয়া সম্পূর্ণরূপে নিরাময় হইয়াছেন। তিনি প্রায় মাস খানেক হইতে চিকিৎসা আরম্ভ করিয়াছেন। প্রতিদিন বহু রোগী তাঁহার চেম্বারে আসিতেছেন। তিনি হাঁটিয়া, রিক্সাযোগে ও মোটরে শহরে ও গ্রামাঞ্চলে রোগী দেখিতে যাইতেছেন। আমরা ভগবৎ সমীপে তাঁহার অটুট স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করি।

## গ্রামবাসীর শ্রমদানে সেচবাঁধ নির্ম্মাণ

গ্রামসেবক শ্রীঅনিলকুমার নায়েকের নেতৃত্বে বিনোদ গ্রামের লোকেরা শ্রমদান করে একটি সেচ-বাঁধ নির্ম্মাণ করেছেন। এই সেচবাঁধের দ্বারা ৫০০ একর মত জমি সেচের সুবিধা পাবে। গত ২৯শে ডিসেম্বর জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত মহাশয় এই সেচবাঁধটি উদ্বোধনকালে বলেন "গ্রামবাসীদের কাজ করার প্রয়াসই দেশে কৃষিকার্যের উন্নতিসাধন করবে।"

ঐ দিনে শ্রীদাশগুপ্ত পাটকেলডাঙ্গায় ৭টি অগভীর নলকূপ ও গোবর্দ্ধনডাঙ্গায় ২টি অগভীর নলকূপ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। এই ৯টি অগভীর নলকূপ নিয়ে সাগরদীঘি ব্লকে মোট ২৫টি অগভীর নলকূপ বসানো হলো। এত বেশী নলকূপ জেলার অন্য কোন ব্লকে বসানো হয়নি।

—জঙ্গিপুর মহকুমা তথ্য দপ্তর

## একাংক নাট্য প্রতিযোগিতা

'নীলকণ্ঠে'র পরিচালনায় তৃতীয় বার্ষিক সারা বাংলা একাংক নাট্য প্রতিযোগিতা আগামী মার্চ মাসে অনুষ্ঠিত হচ্ছে। যোগদানের শেষ তারিখ ৩১শে জানুয়ারী, '৬৯। যোগাযোগের ঠিকানা—

সম্পাদক "নীলকণ্ঠ"
পোঃ জিয়াগঞ্জ, মুর্শিদাবাদ

## কাঠি বনাম লাঠি

সংবাদে প্রকাশ, পশ্চিমবঙ্গ সরকার আগামী অন্তর্বর্তী নির্বাচনে প্রতি ভোট কেন্দ্রে বাঁশ থেকে তৈরী ছোট বাঁশের কাঠি দিচ্ছেন। ভোটপত্র ভোটের বাক্সে ভালভাবে খুঁচিয়ে ঢুকিয়ে দেওয়ার জন্যে এই কাঠির ব্যবস্থা। এও জানা গেল যে, অন্তর্বর্তী নির্বাচনের কয়েকদিন আগে থেকে রাজ্যের সর্বত্র প্রকাশ্য স্থানে অস্ত্রশস্ত্র নিয়ে চলাফেরা নিষিদ্ধ করার প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন। নিষ্প্রাণ ভোটপত্র বাঁশের কাঠির খোঁচা খেতে প্রস্তুত; কিন্তু বাঁশের লাঠির কাছে কে দাঁড়াতে যাবে?

## নির্ব্বাচনের কীর্তন

আচার্য শ্রীতুলসীর অনুব্রতের আহ্বান কীর্তনের ছন্দে এইরূপ:

ভোট বিকি-কিনি ক'রো না গো—
অপপ্রচার ছেড়ে দাও, অসদুপায় ভুলে যাও,
হিংসার আশ্রয় ভুলে নিয়োনা নিয়োনা।
রাষ্ট্রীয় ঐক্যের ভণ্ডুল ক'রো না॥

—ভোটে যদি গঙ্গাজলের মহিমা থাকত, তবে এই বৃহত্তম গণতন্ত্রের চিত্র পরিচ্ছন্ন হত। কারণ, এই ভোটের জন্যে কেউ দল ভাঙে, অন্যের মন ভাঙে আর ভোটপ্রার্থীরা ভোটারের ভবিষ্যৎ স্বাচ্ছন্দ্যের শ্রুতি সুখকর প্রতিশ্রুতি দেয়।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২০শে জানুয়ারী, ১৯৬৯

১৯৬৮ সালের ডিক্রীজারী

৫ মনি ডিঃ মোসাম্মৎ জাহেরা খাতুন দেঃ ইলিয়াস সেখ দিং দাবি ৮৭৪-৫৭ পয়সা থানা সমসেরগঞ্জ মৌজে রতনপুর ৪৯ শতকের কাত ১-৯৪ আঃ ৫০০৲ স্থিতিবান খং ২২৭ ২নং লাট থানা ঐ মৌজে অনুপনগর ৪৬ শতক দেন্দারের অংশ মায় তদুপরিস্থিত টালি ঘর একখানি, খেড়ি ঘর একখানি, আমবৃক্ষাদি ও বাঁশঝাড় সহ আঃ ৩৫০৲ খং ৪৮৩২

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

# জবাকুসুম

কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস ০ কলিকাতা-১২

KALPANA.J.K-84.B



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত** যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪·০০ চারি টাকা, শহরে ৩·০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১·০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)